192

ভোরের কাগজ

তারিখ ... JAN 14 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮ ......

# বৃন্দাবন কলেজে অনার্স কোর্স চালুর অনুমতি প্রদান

শায়েস্তাগঞ্জ (হবিগঞ্জ) সংবাদদাতা বৃন্দাবন সরকারি মহাবিদ্যালয় অবশেষে পুনরায় অনার্স কোর্স চালুর অনুমোদন লাভ করেছে।

১৯৩১ সালে প্রতিষ্ঠিত বৃন্দাবন কলেজে ১৯৪৩ সালে দর্শন, রাষ্ট্রবিজ্ঞান ও ইংরেজি বিষয়ে অনার্স কোর্স চালু করা হয়েছিল। কিন্তু '৪৭-এর সালের পর বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোতে অনার্স কোর্স চালু রাখার বিধান না থাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন বৃন্দাবন কলেজ থেকে এ কোর্স তুলে দেওয়া হয়।

দীর্ঘদিন ধরে এ কলেজে অনার্স কোর্স চালুর জন্য জেলাবাসীর দাবি উপেক্ষিত হয়ে আসছিল। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর অর্থমন্ত্রী এস এ এম এস কিবরীয়া এক অনুষ্ঠানে এ কলেজে পুনরায় অনার্স কোর্স খোলার আশ্বাস প্রদান করেন।

এর প্রেক্ষিতে নিয়মানুযায়ী কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের তালিকাভুক্তিসহ যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করলে সম্প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা, বাংলা, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা ও দর্শনে ছয়টি বিষয়ে বৃন্দাবন কলেজে অনার্স কোর্স খোলার অনুমোদন প্রদান করে।